গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং ০০৫৬ তারিখ- ১৯.০১.২৬
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.১২৭.১১.০০০১.১৭- ৫৫

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

## বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের রাজস্ব খাতে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর-এর ০৭টি শূন্য পদ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর ০৪টি শূন্য পদ এবং অফিস সহায়ক-এর ০৬টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত গত ১৬/০১/২০২৬ তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষার ফলাফল গত ১৭/০১/২০২৬ তারিখ এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mohpw.gov.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ২৩/০১/২০২৬ তারিখ গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ক্রম | পদের নাম | মৌখিক পরীক্ষার তারিখ, বার, সময় ও স্থান |
|---|---|---|
| ১. | অফিস সহায়ক | ২২/০১/২০২৬ (বৃহস্পতিবার)<br>দুপুর ০২.০০ টা হতে বিকাল ০৫.০০ টা<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>(ভবন নম্বর-৫, কক্ষ নম্বর- ৩০৩<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| ২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ২৪/০১/২০২৬ (শনিবার)<br>সকাল ০৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>(ভবন নম্বর-৫, কক্ষ নম্বর- ৩০৩<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২৪/০১/২০২৬ (শনিবার)<br>দুপুর ০১.০০ টা হতে বিকাল ০৫.০০ টা<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>(ভবন নম্বর-৫, কক্ষ নম্বর- ৩০৩<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

০২। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রতায়ন পত্রের ১ সেট ফটোকপি দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৩। প্রকাশিত ফলাফলে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০১/২০২৬
মোঃ আমিরুল কায়ছার
উপসচিব
ফোন-৯৫১২২৩১

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর নোটিশ বোর্ড।